Starts → 7:10 PM

৪৭তম বিসিএস লিখিত কোর্স

আন্তর্জাতিক বিষয়াবলি

Good Evening

লেকচার-০৫

টপিক:

- ✓ **আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ:** বড় অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ দিকনির্দেশনা (১৯৭১-২০২৫), বাংলাদেশের বৈদেশিক নীতি।
- ✓ **সমস্যা সমাধান:** দ্বিপাক্ষিক, বহুপাক্ষিক, Land Boundary, অর্থনৈতিক ও গুরুত্বপূর্ণ চুক্তি।

Important

Part-C → Problem Solving



Problem solving

Empirical issues

(1) policy paper ([illegible])

(2) Policy brief ([illegible]) ([illegible])

(3) Advisory paper ([illegible])

(4) [illegible] (recommendation)

(5) [illegible] → [illegible], [illegible]

[illegible] format



① পররাষ্ট্রনীতির দিক/নির্দেশ

(i) বন্ধুত্ব/Friendship

(ii) Non-Alignment

(iii) Non-interference to internal matters,

(iv) peaceful coexistence

(v) নিরস্ত্রীকরণ

(vi) বিরোধ/conflict না করা

(vii) মানবিকতার পাশে

(viii) UN Charter মেনে চলা

(ix) Non-Aggression

x) Economic development + selfinterest

② চ্যালেঞ্জসমূহ

(i) ভূ-রাজনীতি

(ii) বিশ্বের পরাশক্তিদের মধ্যে ভারসাম্য রক্ষা করা।

(iii) প্রতিবেশী রাষ্ট্রের চাপ রয়েছে। (India, Myanmar)

(iv) Rohingya → সমস্যা

(v) সীমান্ত সমস্যা + সমুদ্রসীমা

(vi) military power কম।

(vii) Economic চ্যালেঞ্জ। → GSP, LDC, IPs

(viii) Climate change & Climate Diplomacy (Agri)

(ix) আন্তর্জাতিক সন্ত্রাস (মাদক) illegal trafficking

Blue Economy

③ উত্তরণের সুপারিশ/করণীয়



x) Internal politics
অস্থিরতা
FDI

xi) International pressure:
- IMF চাপ
- reciprocal tariff
  - 15% + 20% = 35%
  - India
  - Vietnam
  - RMG
- election pressure
- UK-Russia (2022)

xii) Terrorism / জঙ্গিবাদ

xiii) Mob violence

~~xiv)~~

সরকারের করণীয় / সুপারিশমালা

(i) Democratic government establishment → FDI, image, Economy

(ii) প্রতিবেশি রাষ্ট্রের সাথে সম্পর্ক উন্নত করা

(iii) Hydro-Diplomacy apply করা।

(iv) Climate নিয়ে সোচ্চার ভূমিকা

(v) International cooperation চাওয়া rohingya repatriation-এ

(vi) warm relation with international organization

বাংলাদেশের বড় অর্জন

বাংলাদেশ তৃতীয় বিশ্বের একটি উন্নয়নশীল দেশ। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ পরবর্তী একটি বিধ্বস্ত দেশ হিসেবে বাংলাদেশের অবকাঠামো বিনির্মাণ ছিল সবচেয়ে বড় চ্যালেঞ্জ। পরবর্তীতে বাংলাদেশের জনগণের অক্লান্ত পরিশ্রম, কঠোর সাধনা এবং সরকার প্রধানদের নিরলস প্রচেষ্টার ফলে আমাদের প্রিয় বাংলাদেশ একটি শক্তিশালী অর্থনীতির ভিত্তির ওপর দাঁড়িয়েছে। যদিও যে মাত্রায় উন্নয়ন কাম্য ছিল সেই কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় উন্নয়ন অর্জিত হয়নি। তারপরও বিদেশি শাসক শ্রেণির নির্যাতন নিপীড়নে বিধ্বস্ত এ দেশ আজ যে পর্যায় এসে দাঁড়িয়েছে সেটিও কম নয়। কেবল অবকাঠামোগত উন্নয়ন এবং দেশিয় কাজেই নয়, বর্তমানে বাংলাদেশ বিশ্বের অনেক গুরুত্বপূর্ণ স্থানেও নেতৃত্বের আসনে আসীন হয়েছে এবং বিশ্বের অনেক দেশের মধ্যে লড়াই করে শ্রেষ্ঠত্বের ভূমিকায় অবতীর্ণ হয়ে আমাদের দেশের নাম বিশ্ব মানচিত্রে স্বমহিমায় সমুজ্জ্বল করেছে।

❖ আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের বর্তমান অর্জনসমূহ

দেশিয় গণ্ডি পেরিয়ে বর্তমানে বাংলাদেশ বিশ্ব পরিমণ্ডলেও নানাবিধ সাফল্য অর্জন করেছে। বিশ্বের অনেক গুরুত্বপূর্ণ পদে বাংলাদেশ সভাপতিত্ব এবং নেতৃত্বও দিচ্ছে। নিচে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের বর্তমান অর্জনসমূহ আলোচনা করা হলো :

➢ **উন্নয়নশীল বিশ্বে প্রবেশ :** জাতিসংঘ ১৯৭১ সালে এলডিসি ক্যাটাগরি চালু করে। জাতিসংঘের এলডিসি তালিকাভুক্ত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের শর্ত হলো ৩টি। যথা

ক. মানব সম্পদ সূচক (৬৬ বা এর বেশি পয়েন্ট);

খ. মাথাপিছু আয় সূচক (১২৩০ মার্কিন ডলার বা এর বেশি অর্জন);

গ. অর্থনৈতিক ভঙ্গুরতা (৩২ শতাংশের নিচে থাকা)।

বাংলাদেশ প্রথম স্বল্পোন্নত দেশের অন্তর্ভুক্ত হয়েছিল ১৯৭৫ সালে। ১ জুলাই, ২০১৫ সালে বিশ্বব্যাংক বাংলাদেশকে নিম্ন মধ্যম আয়ের দেশের তালিকাভুক্ত করে। ১৬ মার্চ, ২০১৮ সালে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে বের হওয়ার জন্য জাতিসংঘের এলডিসি ক্যাটাগরির ৩টি শর্ত অর্জন করে (মানবসম্পদ সূচকে বাংলাদেশের অর্জন ৭২.৮ পয়েন্ট, অর্থনৈতিক ভঙ্গুরতা সূচকে বাংলাদেশের অর্জন ২৪.৮ পয়েন্ট আর মাথাপিছু আয় সূচকে বাংলাদেশের অর্জন ১২৭২ মার্কিন ডলার)।

বাংলাদেশের বড় অর্জন

- ১৬ মার্চ, ২০১৮ সালে জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সিডিপি) তার ত্রিবার্ষিক পর্যালোচনায় বাংলাদেশকে এলডিসি থেকে উত্তরণের যোগ্য হিসেবে ঘোষণা দেয়। তবে শর্ত ছিল এলডিসি থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের জন্য বাংলাদেশকে সূচকের একই ধারা বজায় রাখতে হবে ২০২১ সাল পর্যন্ত। বাংলাদেশ ২০২১ সালে তা অর্জন করতে সক্ষম হয়। তাই বাংলাদেশকে এলডিসি থেকে চূড়ান্ত উত্তরণের সুপারিশ দেয় সিডিপি।
- একই ধারা বজায় থাকলে ২০২৪ সালে বাংলাদেশ জাতিসংঘের সাধারণ পরিষদে আনুষ্ঠানিকভাবে উন্নয়নশীল দেশের স্বীকৃতি পাওয়ার কথা। তবে করোনা মহামারির কারণে বাংলাদেশ বাড়তি অরও দুই বছর সময় পায়। সবকিছু ঠিক থাকলে ২০২৬ সালে এলডিসি থেকে বের হবে বাংলাদেশ। ২০২৬ সালে বাংলাদেশ উন্নয়নশীল দেশের কাতারে উন্নীত হলেও নিয়ম অনুযায়ী পরবর্তী ৩ বছর পর্যবেক্ষণে থাকতে হবে।
- উন্নয়নশীল দেশের কাতারে গেলে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হিসেবে যে জিএসপি সুবিধা পায় তা ২০২৯ সাল পর্যন্ত বহাল থাকবে। পরবর্তীতে শুল্কমুক্ত সুবিধা পেতে বাংলাদেশকে বিশ্ব বাণিজ্য সংস্থার কাছে আবেদন করতে হবে।

বাংলাদেশের বড় অর্জন

➤ **যুদ্ধাপরাধীদের বিচার :** বাংলাদেশ সরকারের জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে সবচেয়ে বড় অর্জন জাতিকে কলঙ্কমুক্ত করা অর্থাৎ যুদ্ধাপরাধীদের বিচার কার্যক্রম শুরু করা। ১৯৭১ এর মানবতাবিরোধী অপরাধীদের বিচারের জন্য ১৯৭৩ সালে ১৯ নং আইন দ্বারা আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) গঠন করা হয়। যুদ্ধাপরাধীদের বিচারের জন্য দুটি ট্রাইব্যুনাল গঠিত হয়। প্রথম ট্রাইব্যুনাল গঠিত হয় ২৫ মার্চ, ২০১০ এবং দ্বিতীয় ট্রাইব্যুনাল গঠিত হয় ২২ মার্চ, ২০১২। চূড়ান্ত বিচার প্রক্রিয়া সম্পন্ন করার পর এ পর্যন্ত মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে ৬ জনের। মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য গঠিত ট্রাইব্যুনাল জানুয়ারি ২০২০ পর্যন্ত মোট রায় প্রদান করেছে ৪১টি। যুদ্ধপরাধীদের বিচার করার মধ্য দিয়ে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ তাঁর সক্ষমতা ও আইন ব্যবস্থার উন্নয়ন তুলে ধরতে সক্ষম হলো।

বাংলাদেশের বড় অর্জন

> **সমুদ্র বিজয় :** গঙ্গা আর ব্রহ্মপুত্র যেখানে বঙ্গোপসাগরে মিশেছে সেখানেই কালের পরিক্রমায় গড়ে ওঠা পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ বাংলাদেশ। ভৌগোলিক বিচারে বাংলাদেশের অবস্থান দক্ষিণ এশিয়ার ভারত ও মিয়ানমারের মাঝখানে। সমুদ্রসীমা নিয়ে বাংলাদেশের বিরোধ ছিল দুই দেশের সঙ্গে (ভারত ও মিয়ানমার)। বাংলাদেশ-মিয়ানমার সমুদ্র সীমা বিরোধ মামলার রায় জয় ১৪ মার্চ, ২০১২ সালে। বাংলাদেশ-মিয়ানমার সমুদ্রসীমা বিরোধ নিরসনে রায় দেয় জার্মানির হামবুর্গে অবস্থিত সমুদ্র বিষয়ক আন্তর্জাতিক ট্রাইব্যুনাল ITLOS (International Tribunal for the Law of the Sea)। এই রায়ে বাংলাদেশ-মিয়ানমার বিরোধপূর্ণ সমুদ্রসীমার মধ্যে বাংলাদেশ লাভ করে ১,১১,০০০ বর্গ কি. মি.।

বাংলাদেশ-ভারত সমুদ্রসীমা বিরোধ নিষ্পত্তির মামলার রায় হয় ৭ জুলাই, ২০১৪ সালে। বাংলাদেশ-ভারত সমুদ্রসীমা নিষ্পত্তি মামলার রায় দেয় নেদারল্যান্ডের হেগ শহরে অবস্থিত স্থায়ী সালিশি আদালত PCA (Permanent Court of Arbitration)। এই রায়ে বাংলাদেশ-ভারত বিরোধপূর্ণ সমুদ্র এলাকার মধ্যে বাংলাদেশ পায় ১৯,৪৬৭ বর্গ কি. মি. আর ভারত পায় ৬,১৩৫ বর্গ কি.মি.। তবে বিরোধপূর্ণ দ্বীপ দক্ষিণ তালপট্টী পায় ভারত। বর্তমানে বাংলাদেশের সমুদ্রসীমার দৈর্ঘ্য ১,১৮,৮১৩ বর্গ কি.মি.।


ITLOS
2012
agreed
India
PCA
2014
UNCLOS
1982
Dispute
86
i), ii), iii), iv), v)
ICJ

বাংলাদেশের বড় অর্জন

➢ **ছিটমহল বিনিময় ও সীমান্ত চুক্তি বাস্তবায়ন :** বাংলাদেশ-ভারত সীমান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছিল ১৬ মে, ১৯৭৪ সালে। ভারতের রাজধানী দিল্লিতে স্বাক্ষরিত এই চুক্তিতে স্বাক্ষর করেন বাংলাদেশের পক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আর ভারতের পক্ষে ইন্দিরা গান্ধী। বাংলাদেশ-ভারত সীমান্ত চুক্তির বিষয়বস্তু ছিল বাংলাদেশ ভারতকে বেরুবাড়ী হস্তান্তর করবে এবং ভারত বিনিময়ে বাংলাদেশকে তিন বিঘা করিডোর ছেড়ে দেবে। বাংলাদেশ সরকার ২৭ নভেম্বর, ১৯৭৪ সালে সংবিধানের তৃতীয় সংশোধনী দ্বারা তা স্বীকৃতি দিলেও ভারত সরকার স্বীকৃতি দেয়নি। আর এই সমস্যার সমাধান হয় ১ আগস্ট, ২০১৫ সালে বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় চুক্তি কার্যকর হওয়ার মধ্য দিয়ে। বাংলাদেশে ভারতের ছিটমহল ছিল ১১১টি আর ভারতে বাংলাদেশের ছিটমহল ছিল ৫১টি। ছিটমহল বিনিময়ের ফলে বাংলাদেশ ১৭,০০০ একর জমি লাভ করে আর ভারত পায় ৭,৫০০ একর জমি। বর্তমানে ৬.৫ কি, মি. জমির সীমানা এখনো অচিহ্নিত রয়েছে। ছিটমহল বিনিময় আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের অন্যতম বড় একটি অর্জনও বলা যায়।



বাংলাদেশের বড় অর্জন

- **সাবমেরিন যুগে বাংলাদেশ :** বাংলাদেশ সাবমেরিন যুগে প্রবেশ করে ১২ মার্চ, ২০১৭ সালে। ৪১তম দেশ হিসেবে বাংলাদেশ 'নবযাত্রা' ও 'জয়যাত্রা' নামে দুইটি মিং ক্লাস সাবমেরিন নৌবাহিনীতে যুক্ত করার মধ্যদিয়ে বিশ্ব মানচিত্রে নিজের নাম লেখাতে সক্ষম হয়। তবে বাংলাদেশ প্রথম সাবমেরিন ক্যাবল নেটওয়ার্ক SEA ME-WE-4 এ যুক্ত হয় ২১ মে, ২০০৬ সালে। বাংলাদেশে SEA-ME-WE-4 এর ল্যান্ডিং স্টেশন রয়েছে কক্সবাজারের ঝিলংমে। বাংলাদেশ দ্বিতীয় সাবমেরিন ক্যাবল SEA-ME-WE-5 এ যুক্ত হয় ২১ ফেব্রুয়ারি, ২০১৭ সালে। দ্বিতীয় সাবমেরিন এর দৈর্ঘ্য ২০,০০০ কি.মি. এবং এর ল্যান্ডিং স্টেশন অবস্থিত পটুয়াখালীর কুয়াকাটায়। সাবমেরিন যুগে প্রবেশের মধ্যদিয়ে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ নতুন মাত্রা যোগ করলো।
- **MDG (Millennium Development Goals) অর্জনে সাফল্য :** ২০০০ সালে ঘোষিত MDG তে ২০১৫ সালের মধ্যে এমডিজির ৮টি লক্ষ্যমাত্রা ও ১৮টি উদ্দেশ্য পূরণে জাতিসংঘের ১৮৯টি সদস্য দেশ একমত হয়। MDG গৃহীত হয় ৬ সেপ্টেম্বর, ২০০০; মেয়াদকাল ছিল ২০০১ থেকে ২০১৫। তাই মেয়াদকাল শেষ হয় ৩১ ডিসেম্বর, ২০১৫ সালে। এটি জাতিসংঘের ৫৫তম অধিবেশনে গৃহীত হয়। লক্ষ্যগুলো অর্জনে ইতোমধ্যে ৯টি সূচক অর্জন করেছে বাংলাদেশ আরও ১০টি সূচকে অর্জন লক্ষ্য মাত্রার কাছাকাছি অবস্থান করছে। MDG অর্জনে সাফল্য লাভের কারণে ইতোমধ্যে বাংলাদেশ তিনটি আন্তর্জাতিক পুরস্কার লাভ করেছে।

বাংলাদেশের বড় অর্জন

- দারিদ্র্যের ব্যবধান অনুপাত ২০১৫ সালে ৮ শতাংশে নামিয়ে আনার লক্ষ্যমাত্রা থাকলেও তারপূর্বেই বাংলাদেশ তা ৬.৫ শতাংশে নামিয়ে এনেছে।

- শিশু মৃত্যুর হার কমিয়ে আনার জন্য এমডিজি-৪ অর্জনে এগিয়ে থাকায় বাংলাদেশকে ইউনিসেফ কর্তৃক স্বীকৃতি দেওয়া হয়।

- সর্বজনীন প্রাথমিক শিক্ষার লক্ষ্যমাত্রার MDG-২ এর ক্ষেত্রে ২০১১ সালের মধ্যেই ৯৫ শতাংশ শিশুকে প্রাইমারী স্কুলে পাঠানোর লক্ষ্য অর্জন করেছে বাংলাদেশ।

- বাংলাদেশ মানব সূচক উন্নয়নে ০.৫২৪ সূচক অর্জন করে ১৭৯টি দেশের মধ্যে ১৩৯তম স্থান অর্জন করেছে। উন্নয়নশীল বিশ্বের কাছে বাংলাদেশ এখন আর্থ-সামাজিক অগ্রগতির রোল মডেল। সম্প্রসারিত টিকাদান কর্মসূচিতে বাংলাদেশের সফলতা অর্জন এবং স্বাস্থ্য খাতে গুণগত মান উন্নয়নে তথ্যপ্রযুক্তির ব্যবহার নিশ্চিত করায় আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন, সাউথ সাউথ নিউজ ও জাতিসংঘের আফ্রিকা সংক্রান্ত অর্থনৈতিক কমিশন যৌথভাবে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে **সাউথ সাউথ অ্যাওয়ার্ড** প্রদান করে।

বাংলাদেশের বড় অর্জন

➢ **জাতিসংঘে বাংলাদেশ :** ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ সালে বাংলাদেশ ১৩৬তম সদস্য দেশ হিসেবে জাতিসংঘের (২৯তম সাধারণ অধিবেশনে) সদস্য পদ লাভ করে। ড. মুহাম্মদ ইউনুস জাতিসংঘে বাংলায় ভাষণ দেন ২৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখে। বাংলাদেশ জাতিসংঘের সাধারণ পরিষদে প্রথম সভাপতি নির্বাচিত হয় ১৯৮৬ সালে (৪১তম অধিবেশনে)। এই অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করেন হুমায়ুন রশীদ চৌধুরী। বাংলাদেশ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য পদ লাভ করে ২ বার। ১ম বার নির্বাচিত হয় ১০ নভেম্বর, ১৯৭৮ সালে (১৯৭৯-১৯৮০ মেয়াদে) এবং ২য় বার নির্বাচিত হয় ১৪ অক্টোবর, ১৯৯৯ সালে (২০০০-২০০১ মেয়াদে)। এছাড়াও বাংলাদেশ নিরাপত্তা পরিষদের সভাপতি পদ লাভ করে ২০০১ সালে। এই মেয়াদে সভাপতির দায়িত্ব পালন করেন আনোয়ারুল করিম চৌধুরী। জাতিসংঘে বাংলাদেশের প্রথম স্থায়ী প্রতিনিধি ছিলেন সৈয়দ আনোয়ারুল করিম (এস এ করিম) এবং বর্তমানে স্থায়ী প্রতিনিধি হলেন রাবাব ফাতেমা (১৪তম স্থায়ী প্রতিনিধি, দ্বিতীয় নারী প্রতিনিধি)। জাতিসংঘে প্রথম বাংলাদেশি নারী হিসেবে আন্ডার সেক্রেটারি নিযুক্ত হন আমিরাহ হক এবং প্রথম বাংলাদেশি হিসেবে স্থায়ী সালিশি আদালতের বিচারক হন বিচারপতি মোঃ তফাজ্জল ইসলাম ও বিচারপতি আওলাদ আলী। জাতিসংঘে বাংলাদেশের প্রদেয় বার্ষিক চাঁদার হার ০.০১ শতাংশ।

বাংলাদেশের বড় অর্জন

➢ **জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ :** ১৯৪৮ সাল থেকে জাতিসংঘ শান্তি মিশনের কার্যক্রম শুরু হয়। ১৯৮৮ সালে বাংলাদেশ সেনাবাহিনী জাতিসংঘ ইরাক-ইরান সামরিক পর্যবেক্ষণ গ্রুপ (UNIIMOG) অপারেশনে যোগদানের মধ্য দিয়ে সর্বপ্রথম জাতিসংঘ শান্তি মিশনে অংশ নেয়। জাতিসংঘ শান্তিমিশনে সবচেয়ে বেশি সংখ্যক বাংলাদেশের পক্ষ থেকে কর্মরত আছে পুলিশ বাহিনীর সদস্যরা। ১৯৮৯ সালে নামিবিয়ার শান্তি মিশনে (UNTAG) বাংলাদেশ পুলিশ বাহিনী সর্বপ্রথম অংশ নেয়। ২৫ ডিসেম্বর, ২০০৩ সালে জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সেনাবাহিনীর ১৫ জন সদস্য বেনিনে বিমান দুর্ঘটনায় শহিদ হন। শেরে বাংলানগরে জাতীয় প্যারেড স্কয়ারে জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে নিহতদের স্মরণে স্মৃতি স্তম্ভ নির্মিত হয়েছে। এসপি মিলি বিশ্বাস প্রথম বাংলাদেশি নারী হিসেবে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নেতৃত্ব দেন। বাংলাদেশ এ পর্যন্ত মোট ৪৩টি দেশে ৬৩টি শান্তি মিশনে অংশগ্রহণ করেছে। বর্তমানে ১০টি দেশে ১০টি শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের ৫৮১৮ জন সশস্ত্র বাহিনী কর্মরত আছে। বর্তমানে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের অবস্থান তৃতীয়। শান্তিরক্ষা মিশন এখন বাংলাদেশের জাতীয় কূটনীতি ও আয়ের অংশ।

বাংলাদেশের চ্যালেঞ্জসমূহ

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ এবং নানাবিধ প্রতিবন্ধকতার কারণে আমাদেরকে বহির্বিশ্বের উন্নত রাষ্ট্র এবং প্রতিবেশী শক্তিশালী রাষ্ট্রগুলোর মুখাপেক্ষী হয়ে চলতে হয়। ফলে আমাদের যত অর্জন ঠিক তেমনি তত বেশি চ্যালেঞ্জ মোকাবিলা করতে হয়। নিচে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের চ্যালেঞ্জসমূহ আলোচনা করা হলো :

- করোনা ও অর্থনীতি
- করোনা ও জনশক্তি রপ্তানি
- বেকারত্ব
- LDC উন্নয়ন
- Blue Economy
- অভিন্ন নদীর পানিবন্টন
- মিয়ানমার ইস্যু
- অভ্যন্তরীণ সাম্প্রদায়িক অস্থিতিশীলতা
- রপ্তানি আয় কাঙ্ক্ষিত হারে না বাড়া
- রিজার্ভ কমে যাওয়া
- রেমিটেন্স ও হুন্ডি

বাংলাদেশের ভবিষ্যৎ দিক-নির্দেশনা

বাংলাদেশ ভৌগোলিকভাবে একটি গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত। তাই এ দেশকে অবজ্ঞা করে বিশ্ব সম্প্রদায়ও ভালোভাবে চলতে পারবে না। কিন্তু বিশ্বদরবার থেকে আমরা যদি আমাদের স্বার্থ আদায় করতে না পারি তবে আমাদের দেশের উন্নয়ন ঘটানো সম্ভব নয়। এ লক্ষ্যে বাংলাদেশের ভবিষ্যৎ পদক্ষেপ হতে পারে নিম্নরূপ:

- করোনা মহামারি মোকাবিলা বাংলাদেশের জন্য সবচেয়ে বড় বর্তমান ও ভবিষ্যৎ চ্যালেঞ্জ। আর তাই টিকা প্রাপ্তি এখন একমাত্র পন্থা। কীভাবে বিভিন্ন দেশ হতে টিকা আমদানি করা যায় এবং দেশে কীভাবে টিকা উৎপাদন করা সম্ভব এই বিষয়ে পদক্ষেপ নিতে হবে। টিকা প্রাপ্তির নিশ্চয়তাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিতে হবে। এজন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া বাংলাদেশের প্রধান লক্ষ্য।
- মিয়ানমার ও ভারতের সাথে সমুদ্রসীমা বিরোধ মামলায় জয় লাভের ফলে বাংলাদেশ এখন ব্যাপক সমুদ্র অঞ্চলের মালিক। ফলে সুনীল অর্থনীতি তথা সমুদ্র অর্থনীতির দুয়ার খুলে গেছে। এই বিশাল সম্পদকে কীভাবে কাজে লাগানো যায় এবং সম্পদ আহরণে কীভাবে দক্ষতা বাড়ানো যায় সেই লক্ষ্যে পদক্ষেপ নিতে হবে। এই জাতীয় সম্পদকে কাজে লাগানো সম্ভব হলে বাংলাদেশ উন্নয়নের ক্ষেত্রে আরো কয়েক ধাপ এগিয়ে যেতে সম্ভব হবে। তাই সমুদ্র অর্থনীতিকে কার্যকর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

বাংলাদেশের ভবিষ্যৎ দিক-নির্দেশনা

- বাংলাদেশকে প্রাকৃতিক সম্পদের দেশও বলা হয়েছে। এদেশে তেল-গ্যাস থেকে শুরু করে বিভিন্ন প্রাকৃতিক সম্পদের সন্ধান পাওয়া গেছে। তাই এই প্রাকৃতিক সম্পদ কীভাবে উত্তোলন ও ব্যবহার উপযোগী করা যায় সেই দিকে লক্ষ্য রাখতে হবে।
- বাংলাদেশ টেকসই উন্নয়নের জন্য ডেল্টা প্লান ২১০০ প্রকল্প হাতে নিয়েছে। এটা একটা বৃহত্তম প্রকল্প, তাই প্রকল্পটি যাতে সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সচল থাকতে পারে সেই জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। কোনো প্রকার প্রতিবন্ধকতা যাতে এই প্রকল্পকে বাধাগ্রস্ত করতে না পারে সেই উদ্দেশ্য ও ভাবনাকে মাথায় রেখে অগ্রসর হতে হবে।
- বাংলাদেশ-ভারত তিস্তার পানি বণ্টন নিয়ে অনেক নাটক হয়ে গেল, কিন্তু কোনো সুরাহা মিললো না। তাই বাংলাদেশ চীনের সহযোগিতায় তিস্তা মহাপরিকল্পনা গ্রহণের জন্য অগ্রসর হচ্ছে। আর এক্ষেত্রে বড় বাঁধা হয়ে আসবে ভারত। তাই এই পরিকল্পনা গ্রহণের জন্য বাংলাদেশকে সতর্কভাবে অগ্রসর হতে হবে। কী ধরনের বাঁধা আসতে পারে তা আগেই পরিকল্পনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের মধ্য দিয়ে অগ্রসর হতে হবে।

বাংলাদেশের ভবিষ্যৎ দিক-নির্দেশনা

- বাংলাদেশ সমুদ্র উপকূলের দেশ হওয়ায়, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের অন্যতম শিকার দেশে পরিণত হচ্ছে। তাই বৈশ্বিক জলবায়ু পরিবর্তন থেকে রক্ষা পাওয়ার জন্য কী ধরনের পরিকল্পন গ্রহণ করা প্রয়োজন তা অভিজ্ঞদের সমন্বয়ে বোর্ড গঠন করে অগ্রসর হতে হবে। বিশেষ করে উন্নত দেশগুলোর দেওয়া ক্ষতিপূরণ অর্থ প্রাপ্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- দ্বিপক্ষীয় চুক্তি বাড়াতে হবে। বাংলাদেশ ইতোমধ্যে ভুটানের সঙ্গে দ্বিপক্ষীয় বাণিজ্য চুক্তি করতে সক্ষম হয়েছে। ভবিষ্যৎ চীন-ভারতের উপর নির্ভরতা কমিয়ে দ্বিপক্ষীয় চুক্তির জন্য প্রয়োজনীয় কূটনৈতিক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।
- বাংলাদেশের অর্থনীতির প্রাণ বলা হয় রেমিট্যান্সকে। আর এই রেমিট্যান্স প্রবাহ সচল রাখতে জনশক্তি রপ্তানি বাংলাদেশের জন্য একটি অপরিহার্য কাজ। কিন্তু বৈশ্বিক করোনা মহামারির কারণে বিভিন্ন দেশে জনশক্তি রপ্তানিতে কিছুটা হলেও প্রতিবন্ধকতা তৈরি হয়েছে। তাই জনশক্তি রপ্তানি বাড়ানোর জন্য বাংলাদেশকে আরো বেশি তৎপর পরিকল্পনা গ্রহণ করতে হবে।
- আমাদের তিন পাশে ভারত অবস্থিত হলেও তারাও নানাভাবে আমাদের ওপর নির্ভরশীল। কারণ ভারতের চতুর্দিকে রয়েছে পাকিস্তান, আফগানিস্তান, চীন, মিয়ানমার। ফলে আমরা যদি অন্য রাষ্ট্রগুলোর মতো ভারত বিদ্বেষী হয়ে উঠি তা কারোর জন্যই ভালো হবে না। তাই ভারতের সাথে সমঝোতার মাধ্যমে আমাদের স্বার্থগুলো বুঝে নিতে হবে।

বাংলাদেশের ভবিষ্যৎ দিক-নির্দেশনা

- বর্তমান বিশ্বে জঙ্গিবাদ একটি ভয়ানক শব্দ। তাই কোনো জঙ্গিবাদী সংগঠন যেন আমাদের দেশে শাখা-উপশাখার মতো প্রভাব বিস্তার না করতে পারে সেই ব্যাপারে সজাগ থাকতে হবে।
- সমুদ্রসীমা যেমন আমরা আইনি লড়াইয়ের মাধ্যমে অর্জন করেছি তেমনি অন্যান্য যে সব অমীমাংসিত বিষয় রয়েছে সেগুলোও আমাদের আইনি লড়াইয়ের মাধ্যমে অর্জন করে আনতে হবে।
- প্রতিবেশী সকল দেশের সাথে সমঝোতার ভিত্তিতে আমাদের দেশের নিরাপত্তা, শান্তি যেন বিঘ্ন ঘটতে না পারে সে ব্যাপারে সজাগ থেকে ভবিষ্যতে যেন কোনো অপশক্তি বাংলাদেশে আঘাত হেনে এদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ধ্বংস করতে না পারে সে ব্যাপারে পদক্ষেপ নিতে হবে।
- বিশ্বপরিমণ্ডলে অবস্থান সুদৃঢ় করার জন্য প্রয়োজনীয় প্রচেষ্টার পাশাপাশি এ দেশের ভাবমূর্তি যেন বিশ্বদরবারে উজ্জ্বল হয় সে ব্যাপারে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করতে হবে। কারণ মনে রাখতে হবে যে, বিশ্বদরবার যদি বাংলাদেশকে কাঙ্ক্ষিত মাত্রায় মূল্যায়ন না করে তবে এই দেশ কোনোদিন উন্নতির শিখরে আরোহণ করতে পারবে না। ফলে এটিই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

বাংলাদেশের ভবিষ্যৎ দিক-নির্দেশনা

- শিক্ষাক্ষেত্রে যে দেশ বেশি উন্নত সে দেশ সার্বিকভাবে তত বেশি উন্নত। তাই বলা চলে যে, আমাদের দেশের অনগ্রসরতার সবচেয়ে বড় কারণ শিক্ষা। তাই শিক্ষাক্ষেত্রে বিপ্লব ঘটাতে না পারলে এই দেশ কখনও কাম্য মাত্রায় বিশ্বের বিভিন্ন স্থানে শ্রেষ্ঠত্বের ভূমিকায় আসীন হতে পারবে না। এছাড়া আরও একটি সমস্যা হলো শিক্ষাজীবন শেষ করার পর এদেশের অধিকাংশ জনগণকে বেকারত্বের বোঝা বহন করতে হয়। ফলে বেকারত্ব দূর করাই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। তাই এ অভিশপ্ত বেকারত্ব দূরীকরণে যথাযথ পদক্ষেপ নিতে হবে।
- বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার গুরুত্বপূর্ণ পদে আসীন হয়ে বাংলাদেশ যেমন বিশ্বমানচিত্রে স্বমহিমায় উজ্জ্বল হয়েছে ঠিক তেমনি ক্ষুধা, চরম দারিদ্র্য, পুষ্টিহীনতা, নানা প্রকারের রোগব্যাধির কারণে বাংলাদেশ একটি সমস্যার জালে আবদ্ধ রয়েছে। তাই অর্জনের সাথে সাথে প্রতিবন্ধকতাসমূহ দূর করে ভবিষ্যতে আরও কল্যাণকর রাষ্ট্রে পরিণত হওয়ার জন্য করণীয় বিষয়গুলো চিহ্নিত করে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে বাংলাদেশকে অনেকদূর এগিয়ে নিতে সরকারের সাথে সাথে সকল বেসরকারি সংস্থা (NGO), পেশাজীবী সর্বোপরি সকল শ্রেণির মানুষকে অগ্রণী ভূমিকা নিতে হবে।

বাংলাদেশের পররাষ্ট্রনীতির বৈশিষ্ট্য

❑ সকলের প্রতি বন্ধুত্ব, কারও প্রতি বিদ্বেষ নয়

উন্নয়নশীল দেশ হিসেবে যেহেতু বাংলাদেশ অর্থনৈতিক উন্নয়নের জন্য বৈদেশিক সাহায্যের উপর নির্ভরশীল, সেহেতু বাংলাদেশ বৃহৎ শক্তিগুলোর মধ্যে কোনো একটির পক্ষাবলম্বন করে অন্যটির বিরাগভাজন হতে চায় না। এর চেয়েও বড় কথা হলো যে, এক রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে স্বাধীন হবার পর বাংলাদেশ চায় না যে, সে কোনো বৃহৎ শক্তির গুটি হিসেবে ব্যবহৃত হবে। তাই বাংলাদেশ কোনো নির্দিষ্ট বলয়ে যোগদান করা থেকে বিরত থাকে।

❑ আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন:

জাতীয় সার্বভৌমত্ব ও সমতার প্রতি শ্রদ্ধা, অন্যান্য রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা, আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ সমাধান এবং আন্তর্জাতিক আইনের ও জাতিসংঘের সনদে বর্ণিত নীতিসমূহের প্রতি শ্রদ্ধা-এই সকল নীতি হইবে রাষ্ট্রের আন্তর্জাতিক সম্পর্কের ভিত্তি এবং এই সকল নীতির ভিত্তিতে রাষ্ট্র-

(ক) আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তিপ্রয়োগ পরিহার এবং সাধারণ ও সম্পূর্ণ নিরস্ত্রীকরণের জন্য চেষ্টা করিবেন;

(খ) প্রত্যেক জাতির স্বাধীন অভিপ্রায় অনুযায়ী পথ ও পন্থার মাধ্যমে অবাধে নিজস্ব সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থা নির্ধারণ ও গঠনের অধিকার সমর্থন করিবেন; এবং

(গ) সাম্রাজ্যবাদ, ঔপনিবেশিকতাবাদ বা বর্ণবৈষম্যবাদের বিরুদ্ধে বিশ্বের সর্বত্র নিপীড়িত জনগণের ন্যায়সঙ্গত সংগ্রামকে সমর্থন করিবেন।

➢ সম্মান প্রদর্শন

বাংলাদেশ অন্য রাষ্ট্রের সার্বভৌমত্ব, রাষ্ট্রীয় স্বাধীনতা ও ভৌগোলিক অখণ্ডতার প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করে। এই মূলনীতিটি জাতিসংঘ সনদের ২(৪) অনুচ্ছেদের সাথে সম্পূর্ণ সামঞ্জস্যপূর্ণ।

➢ হস্তক্ষেপ না করা

অন্য রাষ্ট্রের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ না করার মূলনীতি বাংলাদেশের পররাষ্ট্রনীতির একটি অন্যতম বৈশিষ্ট্য। এ মূলনীতিটিও জাতিসংঘ সনদের ২(৭) অনুচ্ছেদের উপর প্রতিষ্ঠিত।

➢ বিশ্ব শান্তি

- বাংলাদেশ শান্তিপূর্ণ সহাবস্থানে বিশ্বাস করে।
- বাংলাদেশ যেকোনো বিবাদ শান্তিপূর্ণ উপায়ে মীমাংসার পক্ষপাতি এবং
- বাংলাদেশ চায়, যেকোনো আন্তর্জাতিক পরিস্থিতির পরিবর্তন শান্তিপূর্ণ উপায়ে হবে। এই প্রসঙ্গে এ কথাও সবসময় মনে রাখতে হবে যে, বাংলাদেশ কখনও বিশ্বের কোনো রাষ্ট্রের শান্তি ও নিরাপত্তার প্রতি হুমকি প্রদর্শন না করার ব্যাপারে বদ্ধপরিকর।

বাংলাদেশের পররাষ্ট্রনীতির লক্ষ্য ও উদ্দেশ্য

- রাষ্ট্রীয় মর্যাদা বৃদ্ধি
- জাতীয় সম্পদ সংরক্ষণ ও বৃদ্ধি
- অর্থনৈতিক অগ্রগতি
- রাষ্ট্রীয় নিরাপত্তা
- নিজস্ব মতবাদে দৃঢ় থাকা



বাংলাদেশের পররাষ্ট্রনীতির নির্ধারক উপাদান

- ভৌগোলিক-কৌশলগত অবস্থান
- জনসংখ্যা
- জনমত ও চাপ সৃষ্টিকারী গোষ্ঠী
- অর্থনৈতিক অগ্রগতি
- রাজনৈতিক নেতৃত্বের মতাদর্শ
- সামরিক সামর্থ্য
- প্রতিবেশী রাষ্ট্রসমূহের আচরণ ও আন্তর্জাতিক পরিবেশ

PROBLEM SOLVING ও POLICY BRIEF (নীতিপত্র) এর জন্য অনুসরণীয়

Problem Solving (সমস্যা সমাধান)			Policy Brief (নীতিপত্র)		
Problem Solving উত্তর করার সময় ৬টি বিষয় বিবেচনা করা যেতে পারে -			Policy Brief উত্তর করার সময় ৮টি বিষয় বিবেচনা করা যেতে পারে -		
প্রথম অংশ	:	ভূমিকা	প্রথম অংশ	:	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
দ্বিতীয় অংশ	:	সমস্যার প্রেক্ষাপট	দ্বিতীয় অংশ	:	স্মারক নং ও তারিখ
তৃতীয় অংশ	:	সমস্যার বর্তমান পরিস্থিতি	তৃতীয় অংশ	:	সমস্যার শিরোনাম
চতুর্থ অংশ	:	সমস্যার প্রভাব	চতুর্থ অংশ	:	ভূমিকা
পঞ্চম অংশ	:	সমস্যা সমাধানের জন্য সুপারিশ	পঞ্চম অংশ	:	সমস্যার প্রেক্ষাপট
ষষ্ঠ অংশ	:	International Reference	ষষ্ঠ অংশ	:	সমস্যার প্রভাব
			সপ্তম অংশ	:	সমস্যা সমাধানের জন্য সুপারিশ
			অষ্টম অংশ	:	International Reference

PROBLEM SOLVING ও POLICY BRIEF (নীতিপত্র) এর জন্য অনুসরণীয়

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
[উদাহরণ]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ
৩৮, আবদুল গনি রোড, ঢাকা-১০০০

স্মারক নং : .....

তারিখ: .....

শিরোনাম
[উদাহরণ]
নীতিপত্র/পরামর্শপত্র: রোহিঙ্গা সমস্যা ও বাংলাদেশের করণীয়

ভূমিকা : ঘটনার প্রারম্ভিক সংক্ষিপ্ত আলোচনা করতে হবে। ----------

---

সমস্যার প্রেক্ষাপট : শুরু থেকে বর্তমান পরিস্থিতি পর্যন্ত ঘটনার ধারাবাহিকতা তুলে ধরতে হবে। ----------

---

নির্দেশাবলী:

অত্যাধিক লেখার জন্য নতুন কর্তন করা হবে।

সমস্যার প্রভাব : ----------

সম্ভাব্য সমাধান/সুপারিশ : ----------

উপসংহার : ----------

আন্তর্জাতিক রেফারেন্স :

১. ----------
২. ----------
৩. ----------

[একটি পলিসি ব্রিফ অন্তত তিন থেকে চার পৃষ্ঠা লিখুন।]



Disclaimer

Exact format দেব।

3 পরামর্শপত্র (Advisory paper)

Employee cutoff → specific institution / organization / (ministry) / govt

1 policy paper → details → descriptive
10–20/30 page

নীতিপত্র

Tax policy → NBR

2 Policy brief → 1 page → small in size
2/3 page
4/5 page → specific

Policy paper / policy brief

i) Thesis paper → Executive Summary (Abstract)

ii) PHD Research. → Intro → Bibli / Index

- → Problem Statement
- → Background
- → Challenge
- → Recommend / Analysis
- → Reference
- → Conclusion
- → Bibl



Format

optional

স্মারক নং - 190

i) সরকারের মনোগ্রাম
ii) মন্ত্রণালয়

{গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়}

তারিখ : ১১ আগস্ট, ২০২৫

Title/শিরোনাম:

(i) Executive Summary (সারাংশ / ~~ভূমিকা~~ / ভূমিকা)

(ii) Background (পটভূমি)

(iii) বর্তমান অবস্থা (present) / Problem Statement (সমস্যা)

(iv) চ্যালেঞ্জসমূহ (Challenge)

→ sub para

(v) সুপারিশমালা / করণীয়সমূহ

(i)

(vi) বাস্তবায়ন কৌশল : (Imple

(vii) ~~Conclusion~~ / Reference:

(viii) **Reference:**

i) [illegible]

ii) [illegible]

iii) Daily Star

(iv) ______ , ______

(v) Commerce, www.moc.gov.bd

Author name [illegible]

FAQ

i) Data, chart, graph ??

ii) map ??

iii) quotation

i) Data, chart, graph, Table

Challenge



reference

Background



Reference style :-

(ক)
খ)
গ)
ঘ)
ঙ)
চ)

i) মন্ত্রণালয়ের ওয়েবসাইট-
ii) তথ্য অধিদপ্তর
(iii) অর্থনৈতিক সমীক্ষা
(iv) BBS, CNN,
(v) হতে প্রকাশিত
(vi) উদ্ধৃতি

Essay

~~poverty is a big~~



পত্রিকার IPCC 2020 2023

Masthead paper / Letter head pad

Issue No: 01 251

02

Blue Economy cell



250



#
Empirical issue
i) BD related
ii) International
FDI
India
Rohingya
Tariff
Ukraine - Russia
Palestine - Israel
Iran
BD - IND - USA - CHINA
BRI
QUAD
8-10/12/13

ভারত-বাংলাদেশ সমস্যা

❑ সমস্যা

❖ **পানি বণ্টন সমস্যা :** বাংলাদেশ ও ভারতের মধ্যে গঙ্গা, ব্রহ্মপুত্র, তিস্তাসহ ৫৪টি আন্তর্জাতিক নদী প্রবাহিত হচ্ছে। এসব নদীর পানি প্রবাহ ভারত থেকে বাংলাদেশে প্রবেশ করেছে বলে বাংলাদেশ পানির প্রবাহের জন্য ভারতের ওপর নির্ভরশীল। কিন্তু ভারতের আন্তঃনদী সংযোগ প্রকল্প, যৌথ নদীগুলোতে বাঁধ নির্মাণ ও বিভিন্ন সময়ে দুই দেশের মধ্যে স্বাক্ষরিত চুক্তিগুলো বাস্তবায়ন না হওয়ার কারণে বাংলাদেশ ও ভারতের মাঝে নদীর পানি বণ্টন বিষয়ক সমস্যা রয়েই গেছে।

➢ **ফারাক্কা বাঁধ:** ১৯৬১ সালে গঙ্গায় এর নির্মাণ কাজ শুরু করে ভারত যা ১৯৭৫ সালের ২১ এপ্রিল চালু করে। ৭৩৫০ ফুট লম্বা এই বাঁধটি পশ্চিমবঙ্গের মালদহ ও মুর্শিদাবাদ জুড়ে অবস্থিত। ফারাক্কা বাঁধের কারণে পদ্মা নদীর পানিপ্রবাহ কমে গেছে।

ভারত-বাংলাদেশ সমস্যা

- **তিস্তা বাঁধ:** বাংলাদেশ সীমান্তের ৬০ কিলোমিটার উজানে ভারত তিস্তা নদীর পানিপ্রবাহ পূর্ণ নিয়ন্ত্রণ করার লক্ষ্যে ১৯৯৮ সালে জলপাইগুড়ির গজলডোবাতে তিস্তা বাঁধ নির্মাণ করে। দুই দেশের যৌথ নদী কমিশন একাধিক বৈঠক করে তিস্তার পানি বণ্টন সমস্যার সমাধান করতে ঐক্যমত্য হলেও এখন পর্যন্ত তা অমীমাংসিত রয়ে গেছে। এই বাঁধের প্রভাবে বাংলাদেশের উত্তরাঞ্চলের প্রধান নদীসমূহ যেমন আত্রাই, পুনর্ভবা, করতোয়া, বাঙালি ইত্যাদি শুকিয়ে যেতে শুরু করেছে, ছোট ছোট অনেক নদী ইতোমধ্যে মরেও গেছে। নদীর পানি শুকিয়ে যাওয়ায় উত্তরাঞ্চলের জন্য প্রায় দেড় হাজার কোটি টাকায় নির্মিত দেশের সবচেয়ে বড় সেচ প্রকল্প অকার্যকর হয়ে পড়েছে।

- **টিপাইমুখ বাঁধ:** বাংলাদেশের সিলেটের সীমান্ত থেকে ১০০ কিলোমিটার উজানে ভারতের মণিপুর রাজ্যের টিপাইমুখে বরাক ও তুইভাই নদীর মোহনায় জল বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে প্রস্তাবিত বাঁধের নাম টিপাইমুখ বাঁধ। পরিবেশবিদরা আশঙ্কা করছেন, টিপাইমুখ বাঁধ নির্মিত হলে সুরমা, কুশিয়ারা ও মেঘনা অববাহিকার ২৭৫.৫ বর্গ কি.মি. এলাকায় পরিবেশ বিপর্যয়সহ এই অঞ্চলের মানুষের জীবন-জীবিকা, অর্থনীতি, প্রাণিবৈচিত্র্য সবকিছুর উপর তাৎক্ষণিক ও দীর্ঘমেয়াদি কুফল দেখা দেবে, ঐ অঞ্চলের স্বাভাবিক পরিবেশ ও ইকোসিস্টেমকে বাধাগ্রস্ত করবে।

- **আন্তঃনদী সংযোগ প্রকল্প :** ভারত তার উত্তর ও উত্তর-পূর্বাঞ্চলের পানি ঘাটতি সম্পন্ন রাজ্যগুলোর পানির চাহিদা পূরণের লক্ষ্যে গঙ্গা, ব্রহ্মপুত্র ও তাদের অববাহিকার সকল নদ নদীতে বাঁধ দিয়ে এবং খাল কেটে পানি সরবরাহের এক মহাপরিকল্পনা গ্রহণ করেছে। এই মহাপরিকল্পনায় ভারতের ছোট-বড় ৩৮টি নদীকে ৩০টি সংযোগকারী খালের মাধ্যমে জুড়ে দেয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরিকল্পনা অনুযায়ী বর্ষার সময় ব্রহ্মপুত্র অববাহিকায় প্রাপ্ত অতিরিক্ত পানি শুকনো মৌসুমে কৃষিকাজসহ অন্যান্য কাজে ব্যবহারের জন্য ৭৪টি জলাধার ও বেশ কিছু বাঁধ নির্মাণের মাধ্যমে ধরে রাখা হবে। ভারতের এ প্রকল্প বাস্তবায়িত হলে বাংলাদেশের জন্য তা ভয়াবহ বিপর্যয় ডেকে আনবে।

- **সমুদ্রসীমা নিয়ে বিরোধ:** আন্তর্জাতিক আদালতের রায়ে ভারত বাংলাদেশের সমুদ্রসীমা নির্ধারিত হলে মহীসোপানের দাবিকে ঘিরে দুই দেশের পাল্টাপাল্টি অবস্থান এবং বেইজ লাইন নিয়ে আপত্তি নতুন এক বিরোধ সামনে এনেছে। মহীসোপানের দাবি নিয়ে দুই দেশই জাতিসংঘে চিঠি দিয়েছে। বাংলাদেশের নতুন বেইজ লাইনের ২ ও ৫ নম্বর পয়েন্টের অবস্থান নিয়ে ভারতের আপত্তি। বাংলাদেশ বলছে আন্তর্জাতিক আইন মেনেই আমরা বেইজ লাইন ঠিক করেছি বরং ভারতের ৮৭ ও ৮৯ নম্বর বেইজ লাইন বাংলাদেশে প্রবেশ করেছে।

ভারত-বাংলাদেশ সমস্যা

- **সীমান্তে হত্যা :** বাংলাদেশ ও ভারতের মাঝে রয়েছে ৪,১৫৬ কিলোমিটার সীমান্ত, যা বিশ্বের ৫ম বৃহত্তম সীমান্ত। ভারতের সাথে আরো পাঁচটি দেশের সীমান্ত থাকলেও বাংলাদেশের সাথেই সীমান্ত সবচেয়ে দীর্ঘ। এই সুদীর্ঘ সীমান্তে বেআইনী অনুপ্রবেশ, চোরাচালান, মাদক পাচার ইত্যাদি সমস্যাও প্রকট। ফলে প্রায়শই ভারতের বিএসএফের গুলিতে বাংলাদেশি নাগরিক নিহত হওয়ার খবর শোনা যায়। গত ১২ বছরে মোট ৩৩৫ জন বাংলাদেশি নিহত হন বিএসএফের হাতে।



[তথ্যসূত্র: আইন ও সালিশ কেন্দ্র, ২০২২]

- **বাণিজ্যে ঘাটতি :** ভারতের সাথে বাণিজ্য ঘাটতি বাংলাদেশের জন্য ২য় বৃহত্তম বাণিজ্য ঘাটতি। ভারত বাণিজ্য ঘাটতি কমানোর কোনো পদক্ষেপ নিচ্ছে না। তাছাড়াও ভারত বাংলাদেশের বিরুদ্ধে Anti-Dumping Duty ও Counterveiling Duty আরোপ করে বাণিজ্য বাধা সৃষ্টি করে। মাঝে মাঝে আবার ভারত বাংলাদেশে জরুরি ভোগ্যপণ্য কোনো পূর্ব ঘোষণা ছাড়াই রপ্তানি বন্ধ করে দিয়ে সংকটের সৃষ্টি করে।

- **NRC তালিকা:** ২০১৯ সালের ৩০ আগস্ট প্রকাশিত হয় আসামের National Register of Citizens (NRC) তালিকা। তালিকা থেকে ১৯ লাখ বাঙালি বাদ পড়েছে বলে জানানো হয়। তালিকার সারমর্মে বলা হয়, বাদ পড়া অধিবাসীরা ১৯৭১ সালের ২৫ মার্চের আগে গিয়েছেন এমনটা প্রমাণ করতে ব্যর্থ হয়েছেন।

- ✓ ৫ আগস্ট অভ্যুত্থান পরবর্তী রাজনৈতিক শীতলতা।

❑ সম্ভাব্য সমাধান ও সুপারিশ (Recommendations)

➢ বাংলাদেশের সাথে অভিন্ন নদীর পানি বণ্টন নিয়ে ভারতের সাথে বিরোধ মেটাতে ন্যায্যতার ভিত্তিতে চুক্তি সম্পাদন ও বাস্তবায়নের জন্য ভারতকে চাপ দিতে বাংলাদেশ কিছু বিষয় সামনে নিয়ে আসতে পারে:

- ✓ বাংলাদেশ ১৯৬৬ সালের হেলসিংকি সনদ এবং ১৯৯৭ সালের জাতিসংঘের জলপ্রবাহ সনদ উল্লেখ করে ভারতকে তা মেনে চলার আহ্বান জানাতে পারে। ১৯৬৬ সালের অভিন্ন নদীর পানি ব্যবহার সংক্রান্ত হেলসিংকি নীতিমালায় বলা হয়েছে, "প্রতিটি অববাহিকাভুক্ত রাষ্ট্র অভিন্ন নদীগুলো ব্যবহারের ক্ষেত্রে অবশ্যই অন্য রাষ্ট্রের অর্থনৈতিক ও সামাজিক প্রয়োজন বিবেচনায় নিবে।" আবার ১৯৯৭ সালের জাতিসংঘের জলপ্রবাহ কনভেনশন অনুযায়ী প্রণীত আইনে বলা হয়েছে, "নদীকে এমনভাবে ব্যবহার করা যাবে না, যাতে অন্য দেশ মারাত্মক ক্ষতি বা বিপদের মুখে পড়বে"।
- ✓ বাংলাদেশের ভূখণ্ডের উপর দিয়ে ভারত পণ্য পরিবহনের জন্য তুলনামূলক অত্যন্ত স্বল্প খরচে ট্রানজিট ও ট্রানশিপমেন্ট সুবিধা ভোগ করে আসছে। এটি বাংলাদেশের কাছে ভারতের অন্যতম প্রধান স্বার্থ। ভারতকে নদীর পানি বণ্টনের জন্য কার্যকর চুক্তি সম্পাদনের জন্য বাংলাদেশ এই ট্রানজিট ও ট্রানশিপমেন্ট সুবিধাটি ব্যবহার করে কূটনৈতিক চাপ দিতে পারে।

ভারত-বাংলাদেশ সমস্যা

- CEPA (Comprehensive Economic Partnership Agreement) হলো একটি আঞ্চলিক বাণিজ্যিক চুক্তি যা পণ্য ও পরিষেবা, বিনিয়োগ, অবকাঠামো প্রকল্প এবং ই-কর্মাস ব্যবসার ব্যবস্থাপনা ও নীতি-নৈতিকতার অংশ নিয়ে আলোচনা করে। এটি বাংলাদেশ ও ভারতের নিজস্ব ব্যবসার নিয়ম-নীতি বা পলিসিগুলোর সমন্বয়ের মাধ্যমে দুই দেশকে পরস্পরের সঙ্গে অর্থনৈতিক কার্যক্রম চালিয়ে যাওয়ার স্বাধীনতা দেয়। দুই দেশের জন্যই বিনিয়োগের নতুন জানালা খুলে দিবে সিইপিএ।

- যেহেতু বাংলাদেশ BIMSTEC, ASEAN, BCIM ইত্যাদি বাণিজ্যিক জোটগুলোর Transit কেন্দ্র, সেহেতু ভারত বাণিজ্যিকভাবে লাভবান হতে বাংলাদেশের সহযোগিতা প্রত্যাশা করে। এই সুযোগটি কাজে লাগিয়ে বাংলাদেশ ভারতের কাছে তার নিজের দাবিগুলো পেশ করতে পারে।

- NRC ইস্যুতে বাংলাদেশ সরকার ভারতকে স্পষ্ট করে দিতে পারে যে, ১৯৭১ সালের ২৪ মার্চের পর ভারতে গেলেও এর আগে যদি তার পিতা-মাতা বা পরিবারের কেউ ভারতে যেয়ে থাকে তাহলে তারা অবৈধ বাংলাদেশি হতে পারে না। তাছাড়া ভারতকে ১৯৫৪ সালের ইতিহাস মনে করিয়ে দিতে পারে যখন মেঘালয়, মণিপুর, মিজোরাম ও ত্রিপুরার জন্য বিভিন্ন সময়ে এনআরসি বিভিন্নভাবে সংশোধিত হয়েছিল।

ভারত-বাংলাদেশ সমস্যা

- বাংলাদেশে প্রচুর ভারতীয় নাগরিক বৈধ-অবৈধভাবে অবস্থান করে কাজ করে বিপুল পরিমাণ অর্থ উপার্জন করছে। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (TIB) এর এক প্রতিবেদনে উঠে এসেছে বাংলাদেশ ভারতের বৈদেশিক মুদ্রা অর্জনের ২য় বৃহত্তম উৎস। বাংলাদেশ সরকার অবৈধভাবে বাংলাদেশে অবস্থানরত ভারতীয়দের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার উদ্যোগের কথা বলে ভারত সরকারকে এই বার্তা প্রেরণ করতে পারে যে, দ্বিপাক্ষিক সম্পর্কে বৈষম্য দূর করে সমতা না আনলে বাংলাদেশও কঠোর অবস্থানে যেতে পারে।

- বাণিজ্যে বৈষম্য দূর করার জন্য বাংলাদেশ ভারতকে মনে করিয়ে দিতে পারে যে বাংলাদেশ ভারতের সবচেয়ে বড় রপ্তানি হিস্যার উৎস। বাংলাদেশের সাথে রয়েছে ভারতের সবচেয়ে বড় সীমান্ত। এই সীমান্ত অঞ্চলে চোরাচালান, অবৈধ অনুপ্রবেশ ও জঙ্গি সন্ত্রাসবাদীদের কর্মকাণ্ড প্রতিরোধে বাংলাদেশ ভারতকে একযোগে কাজ করার প্রস্তাব দিয়ে বিনিময়ে বাংলাদেশের সাথে ভারতের বাণিজ্য ক্ষেত্রে ঘাটতি দূর করা ও অন্যান্য উদ্যোগ নিতে আহ্বান জানাতে পারে। এছাড়াও ভারত থেকে আমদানিকৃত কাঁচামাল ও কৃষিপণ্যের ওপর নির্ভরশীলতা কমানোর মাধ্যমে দেশের অভ্যন্তরীণ বাজারকে আরো স্বনির্ভর করে তোলার উদ্যোগ নিতে পারে।

❑ International References

- ১৯৬৬ সালের হেলসিংকি সনদ ও ১৯৯৭ সালের জাতিসংঘের জলপ্রবাহ সনদ মেনে চলতে পারে।
- আন্তর্জাতিক সমুদ্র আইন বিষয়ক আদালত ITLOS ও PCA এর রায় কার্যকর করা যেতে পারে।
- আন্তর্জাতিক স্থলসীমা আইন মেনে BSF তাদের কার্যক্রম চালাতে পারে। আন্তর্জাতিক স্থলসীমা আইন অমান্য করলে তার জন্য International Law and Territorial Boundary এর আওতায় মামলা করা যেতে পারে।

❑ সমস্যা ও স্বার্থ: বাংলাদেশের প্রেক্ষিতে ভারত ও চীনের অবস্থান

➢ **সাংস্কৃতিক :** ভারত এবং চীন, দুটি দেশের সঙ্গেই বাংলাদেশের রয়েছে ঘনিষ্ঠ অর্থনৈতিক-বাণিজ্যিক এবং সামরিক সহযোগিতার সম্পর্ক। তবে এর মধ্যে ঐতিহাসিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও ধর্মীয় কারণে ভারতের সঙ্গেই বাংলাদেশের সম্পর্কটি বেশি গুরুত্বপূর্ণ বলে মনে করা হয়। চীনের তুলনায় ভারত যেদিকে এগিয়ে আছে, তা হলো বাংলাদেশের ওপর তাদের সাংস্কৃতিক প্রভাব।

➢ **বাণিজ্যিক :** বাংলাদেশের ওপর প্রভাব বিস্তারের চেষ্টায় চীন-ভারত দুটি দেশই মূলত বাণিজ্যকেই ব্যবহার করতে চাইছে। বাংলাদেশ সবচেয়ে বেশি আমদানি করে চীন ও ভারত থেকেই। বাংলাদেশের সঙ্গে বাণিজ্যের ক্ষেত্রে দুটি দেশই সুবিধাজনক অবস্থানে আছে। দুটি দেশেরই বিপুল বাণিজ্য উদ্বৃত্ত আছে বাংলাদেশের সঙ্গে। চীন ও ভারতের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য কেমন, তা জানা যায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্যেও।

ভারত ও চীন থেকে বাংলাদেশের আমদানির চিত্র

ভারত		চীন	
২০১৯-২০	৬,৬৬৩ মিলিয়ন ডলার	২০১৯-২০	১৪,৩৬০ মিলিয়ন ডলার
২০২০-২১	১০,৩৩৪ মিলিয়ন ডলার	২০২০-২১	১৬,৯৭৪ মিলিয়ন ডলার
২০২১-২২	১০,০২৬ মিলিয়ন ডলার	২০২১-২২	১৬,১৩৯ মিলিয়ন ডলার
২০২২-২৩	৬৫৭১ মিলিয়ন ডলার	২০২২-২৩	১৪৩৭৭ মিলিয়ন ডলার
২০২৩-২৪	৫৯১৮ মিলিয়ন ডলার	২০২৩-২৪	১২৫৫৩ মিলিয়ন ডলার

[তথ্যসূত্র: অর্থনৈতিক সমীক্ষা- ২০২৪]

➢ **বিনিয়োগ:** বাংলাদেশে প্রতিনিয়ত চীনের বিনিয়োগ ও অবকাঠামোগত উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে। গত ৫ বছরে গড়ে চীন প্রায় ৮-৯ বিলিয়ন ডলার হারে বাংলাদেশে বিনিয়োগ করছে। বিগত কয়েক বছরে বাংলাদেশে ভারত ও চীনের বিনিয়োগ চিত্র তুলে ধরা হলো –

চীনের বিনিয়োগ		ভারতের বিনিয়োগ	
অর্থবছর	বিনিয়োগের পরিমাণ	অর্থবছর	বিনিয়োগের পরিমাণ
২০২০-২১	১০ বিলিয়ন ডলার	২০২০-২১	১.৩৭ বিলিয়ন ডলার
২০২১-২২	৯.৪০ বিলিয়ন ডলার	২০২১-২২	৩.০০ বিলিয়ন ডলার
২০২২-২৩	১০.৮ বিলিয়ন ডলার	২০২২-২৩	৩.১৫ বিলিয়ন ডলার

➢ **অবকাঠামো খাতে প্রতিযোগিতা :** দুটি দেশই বাংলাদেশের অবকাঠামো খাতে ব্যাপক সাহায্যের প্রস্তাব দিচ্ছে। বাংলাদেশে বড় আকারে রেল প্রকল্পে আগ্রহী দুটি দেশই। গভীর সমুদ্র বন্দর স্থাপনেও ব্যাপক আগ্রহ রয়েছে উভয় দেশের। ভারত ও চীনের অবকাঠামো সহায়তাগুলো তুলে ধরা হলো –

ভারত	চীন
■ রামপাল বিদ্যুৎকেন্দ্র, বাগেরহাট ■ ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন (শিলিগুড়ি, কলকাতা – পার্বতীপুর, দিনাজপুর) ■ বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগ	■ বঙ্গবন্ধু টানেল ■ পদ্মাসেতু রেল সংযোগ প্রকল্প ■ ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে ■ ইস্টার্ন রিফাইনারির ২য় ইউনিট স্থাপন ■ বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগ

- **সামরিক খাতে প্রতিযোগিতা :** বাংলাদেশ সেনাবাহিনীকে চীনা ট্যাংক, নৌবাহিনীকে রণতরী, মিসাইল বোট এবং বিমান বাহিনীকে ফাইটার জেট দ্বারা সুসজ্জিত করা হয়েছে। ২০০২ সালে চীন এবং বাংলাদেশ প্রতিরক্ষা সহযোগিতা চুক্তি স্বাক্ষর করে যার আওতায় মিলিটারি প্রশিক্ষণ রয়েছে। ২০০৬ সালে যুক্তরাষ্ট্রের এক প্রতিবেদনে প্রকাশ করা হয় যে, বাংলাদেশ চীনা অস্ত্রের অন্যতম বড় ক্রেতা হয়ে উঠছে। ২০১৭ সালে বাংলাদেশ নৌ বাহিনী চীন থেকে দুইটি সাবমেরিন নবযাত্রা ও জয়যাত্রা তার অস্ত্রভাণ্ডারে যুক্ত করে। এ ছাড়াও, ২০১৭ সালে বাংলাদেশ চীনের কাছ থেকে এফএম-৯০ ক্ষেপণাস্ত্র কিনেছে। অন্যদিকে ভারত এ ক্ষেত্রে পিছিয়ে রয়েছে। কেননা ভারতের সামরিক সরঞ্জামের মান নিয়ে প্রশ্ন আছে বাংলাদেশের।

- **অভ্যন্তরীণ রাজনীতিতে অবস্থান :** বাংলাদেশের রাজনীতিতে চীনের প্রভাব তেমন লক্ষ করা না গেলেও ভারতের প্রত্যক্ষ প্রভাব লক্ষ করা যায়। বাংলাদেশের রাজনীতির পট পরিবর্তন হলে ভারতের দুশ্চিন্তা হয় তার কারণ হলো বাংলাদেশের কিছু রাজনৈতিক দল এখনো পাকিস্তানকে সমর্থন দেয় এবং সাম্প্রদায়িক চিন্তা চেতনা ধারণ করে। এসব রাজনৈতিক দল ক্ষমতায় আসলে ভারত দ্বিপাক্ষিক বিষয়ে সমস্যায় পড়ে যায়। এজন্য বাংলাদেশের রাজনীতির উপর ভারতের সবসময় নজর থাকে।

চীন-ভারত-বাংলাদেশ

- **সাম্প্রতিক সমস্যা:** সাম্প্রতিক সময়ে বাংলাদেশ ভারত ও চীনের সাথে সম্পর্ক রক্ষা করতে গিয়ে বিভিন্ন প্রশ্নের সম্মুখীন হচ্ছে। আর এই প্রশ্নগুলোই হলো- বাংলাদেশ-ভারত-চীন সম্পর্কের গতিধারার ক্ষেত্রে বাঁধা। **যেমন:**
  - ✓ ভারত ও জাপান বাংলাদেশকে QUAD এ যোগদান করতে বললে বাংলাদেশ একরকম রাজি হয়ে যায়। কিন্তু চীনের চাপে বাংলাদেশ আর QUAD-এ যোগদান করেনি।
  - ✓ চীন বাংলাদেশের সোনাদিয়া গভীর সমুদ্রবন্দর নির্মাণ করতে চাইলে ভারত আপত্তি তুলে। ভারতের আপত্তির কারণে বাংলাদেশ এ প্রকল্প বাতিল করে।
  - ✓ যুক্তরাষ্ট্র, জাপান ও ভারতের উদ্যোগে বাংলাদেশকে IPEF এ আমন্ত্রণ জানালে চীন হুঁশিয়ারি দিয়ে বলে ‘আমরা (চীন ও বাংলাদেশ) এসব জোট ছাড়াই ভালো আছি। এখন বাংলাদেশের সিদ্ধান্ত বাংলাদেশ কী করবে?’
  - ✓ শি জিন পিং এর উদ্যোগে গঠিত ‘Belt and Road Initiative’ এর বিকল্প হিসেবে নরেন্দ্র মোদির ‘Cotton Road Initiative’ এ বাংলাদেশকে যোগ দিতে তাগিদ দেয় ভারত।

দীর্ঘ সময় ধরে এই অঞ্চলে চীন ও ভারতের মধ্যে নানা কারণে সম্পর্কের সংকট তৈরি হয়েছে। কিন্তু সেই সংকটে বাংলাদেশের অবস্থান যেন কারো জন্য অস্বস্তিকর না হয়, সে ব্যাপারে বাংলাদেশ সবসময় তৎপর। চীন বা ভারত কারো জন্যই তাদের দ্বিপক্ষীয় সম্পর্কের অবনতি উসকে দেওয়া বা সহায়তা করার মতো কোনো অবস্থানকে বাংলাদেশ কোনোভাবেই সঠিক মনে করে না বরং আশা করে, এ অঞ্চলের এই দুই বৃহৎ শক্তির মধ্যেও পারস্পরিক আস্থার সম্পর্ক গড়ে উঠুক।

❑ সম্ভাব্য সমাধান ও সুপারিশ (Recommendations)

- বাণিজ্যের ক্ষেত্রে দুই দেশের সাথে আলাদা আলাদা সুযোগগুলো চিহ্নিত করতে হবে। যেমন: বাংলাদেশ ভারত থেকে ভোগ্যপণ্য বেশি আমদানি করে। অন্যদিকে চীন থেকে ইলেকট্রনিক্স সামগ্রী ও খুচরা যন্ত্রাংশ বেশি আমদানি করে।
- বাংলাদেশের উন্নয়ন প্রকল্পগুলিতে চীনের সহায়তা ভারতের চেয়ে অনেক বেশি। এ নিয়ে ভারত যেন বাংলাদেশকে ভিন্নভাবে না দেখে সে ভুল ভাঙানো যেতে পারে।
- SAARC ও ASEAN এর ট্রানজিট কেন্দ্রে অবস্থিত বাংলাদেশ। তাই চীন কিংবা ভারত যেন বাংলাদেশকে সাকো হিসেবে ব্যবহার করতে না পারে সেদিকে খেয়াল রাখতে হবে।
- চীন ও ভারত কেন্দ্রীক প্রকল্প সহায়তা থেকে বের হয়ে অন্যদের সুযোগ দিলে ভারত ও চীনের ভুল ভাঙবে। যেমন: BIG-B, মেট্রোরেল ও মহেশখালি বিদ্যুৎকেন্দ্রে জাপান সহায়তা দিচ্ছে। ডেল্টা প্ল্যান-২১০০ বাস্তবায়নে নেদারল্যান্ডস সহায়তা দিচ্ছে।
- ভারত ও চীনকে পাশ কাটিয়ে SEACO, D-8 এর মতো নতুন জোট গঠন করা যেতে পারে।
- 'বাংলাদেশের উন্নয়নে যারা অংশীদার সকলেই বাংলাদেশের বন্ধু' – এই মতবাদ মাননীয় প্রধানমন্ত্রীর ভারত ও চীনের সামনে উপস্থাপন করা যেতে পারে।
- বাংলাদেশ, ভারত ও চীন সবাই APTA ও BCIM এর সদস্য। এই দুটি অর্থনৈতিক ও বাণিজ্যিক ধারণার কার্যকারিতার জন্য বাংলাদেশের কূটনৈতিক প্রচেষ্টা চালানো যেতে পারে, যাতে বাংলাদেশ বাণিজ্য ঘাটতির বিষয়টি মীমাংসা করতে পারে।
- বৈদেশিক ঋণ গ্রহণের ক্ষেত্রে ভারত ও চীনকে সাময়িকভাবে এড়িয়ে চলা। এই দুটি দেশের কঠোর ঋণ নীতি বাংলাদেশের জন্য বোঝা হয়ে যাচ্ছে।

- Cotton Road পরিকল্পনা ও মার্কিন FOIP Strategy এর অংশীদার হিসেবে ভারতের কাছে এবং New Silk Road কর্মসূচির জন্য চীনের নিকট বাংলাদেশ খুবই স্পর্শকাতর ও স্বার্থসংশ্লিষ্ট। তাই ভারত ও চীনকে তাদের স্বার্থের জন্য বাংলাদেশের গুরুত্ব বুঝিয়ে দিয়ে এই প্রভাব মোকাবিলা করা যেতে পারে।
- বাংলাদেশ এখন পর্যন্ত চীন ও ভারতের মধ্যে একটা ভারসাম্য নীতি বজায় রেখেছে। কিন্তু এর ভারসাম্য রাখাটা কঠিন ও ঝুঁকিপূর্ণ, কারণ ভারসাম্য রাখতে ব্যর্থতা যেকোনো একটি দেশের সঙ্গে শত্রুতা তৈরি করতে পারে। তাই বাংলাদেশের পররাষ্ট্রনীতির সফলতা নির্ভর করবে কতটা দক্ষতার সঙ্গে বাংলাদেশ এ ভারসাম্যের দঁড়িতে হাঁটতে পারে।

❑ বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের গতিধারা

১৯৭১ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত অর্থাৎ দীর্ঘ ৫০ বছরে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক তুলে ধরা হলো-

- ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় যুক্তরাষ্ট্র বাংলাদেশের বিপক্ষে কাজ করলেও যুক্তরাষ্ট্রের সাধারণ নাগরিকরা বাংলাদেশের পক্ষে ছিল। ১৯৭২ সালের ৪ এপ্রিল যুক্তরাষ্ট্র স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দেয় এবং সম্পর্কের নতুন ধারার সূচনা করে।
- ১৯৭১ সালে বাংলাদেশের উপর চালানো গণহত্যার স্বীকৃতি দিয়েছে যুক্তরাষ্ট্রের 'লেমকিন ইনস্টিটিউট ফর জেনোসাইড প্রিভেনশন' প্রতিষ্ঠান।
- ২৫ নভেম্বর, ২০১৩ মার্কিন যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে বাধাগুলো চিহ্নিত করতে এবং সমাধানের জন্য একটি চুক্তি স্বাক্ষর করে। যা Trade and Investment Co-operation Forum Agreement (TICFA) নামে পরিচিত।
- যুক্তরাষ্ট্র রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে দাঁড়িয়েছে। সম্প্রতি যুক্তরাষ্ট্র মিয়ানমারে রোহিঙ্গাদের ওপর দেশটির সেনাবাহিনীর চালানো সহিংসতা মানবতাবিরোধী অপরাধ 'গণহত্যা' হিসেবে স্বীকৃতি দিয়েছে। রোহিঙ্গাদের জন্য নানাভাবে মানবিক সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। রোহিঙ্গাদের সহযোগিতার যে তহবিল রয়েছে, সেখানে সবচেয়ে বেশি ডোনেট করেছে যুক্তরাষ্ট্র। এছাড়াও মিয়ানমারের সেনা শাসনের উপর বিভিন্ন নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র।

❑ অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক

- FDI (১৯%) – UNCTAD এর হিসাব অনুযায়ী ২০২২ পর্যন্ত দেশে মোট এফডিআই এর পরিমাণ ২১.৮২ বিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে সবচেয়ে বেশি এফডিআই এসেছে যুক্তরাষ্ট্র হতে যা মোট এফডিআই এর ১৮.৯ শতাংশ (৩.৯৪৮ বিলিয়ন ডলার)। UNCTAD-এর বিশ্ববিনিয়োগ প্রতিবেদন ২০২৪ অনুযায়ী বাংলাদেশে সরাসরি বৈদেশিক বিনিয়োগ (FDI) হয় ৩০০৪ মিলিয়ন ডলার।
- গ্যাস (৬৪%)- দেশে বর্তমানে দৈনিক গড়ে ২ হাজার ২৭০ মিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলিত হচ্ছে। এর মধ্যে ৬৩.৬৪% করছে জ্বালানি খাতের মার্কিন প্রতিষ্ঠান শেভরন। বাংলাদেশ সরকারের চুক্তি রয়েছে ২০৩৩-৩৪ পর্যন্ত।
- ২০২৪ সালে বাংলাদেশ যুক্তরাষ্ট্রে রপ্তানি করেছে ৮.৪ বিলিয়ন ডলারের পণ্য, যা গত বছরের তুলনায় ১.১ শতাংশ বা প্রায় ৮৯.৩ মিলিয়ন ডলার বেড়েছে। বিশ্বের সবচেয়ে বড় অর্থনীতির এই দেশটি থেকে জুলাই-মার্চ সময়ে ৩৯৪ কোটি ৬১ লাখ (৩.৯৪ বিলিয়ন) ডলার এসেছে, যা মোট রেমিটেন্সের ১৮ দশমিক ১১ শতাংশ।
- বীমা (৩৮%)- দেশে বীমা খাতে মোট বিনিয়োগের পরিমাণ ২৯ হাজার ৯৩৪ কোটি টাকা। এর মধ্যে সবচেয়ে বেশি বিনিয়োগ মার্কিন প্রতিষ্ঠান মেটলাইফের। খাতটিতে মোট বিনিয়োগের প্রায় ৩৮ শতাংশ মেটলাইফের।

- রেমিট্যান্স (১১.১%)- রেমিট্যান্স উৎস হিসেবে সৌদি আরবের পরই যুক্তরাষ্ট্র। ২০২৩-২৪ অর্থবছরের ফেব্রুয়ারি পর্যন্ত যুক্তরাষ্ট্র থেকে রেমিট্যান্স আসে ১৬৭৫.১ মিলিয়ন ডলার। যা বাংলাদেশের মোট প্রবাসী আয়ের ১১.১ শতাংশ।

- যুক্তরাষ্ট্র থেকে আসা এই রেমিটেন্স গত অর্থ বছরের একই সময়ের চেয়ে দ্বিগুণের বেশি। শতাংশ হিসাবে বেড়েছে ১০৩ দশমিক শতাংশ।

❑ সাম্প্রতিক সমস্যা

সম্প্রতি কিছু ঘটনার কারণে দুই দেশের সম্পর্কে কিছুটা প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছে। ঘটনাগুলো হলো-

- IPS, IPEF এ বাংলাদেশকে যোগদানের প্রস্তাব দেয় যুক্তরাষ্ট্র কিন্তু চীনের কূটনৈতিক চাপের কারণে বাংলাদেশ অনাগ্রহ প্রকাশ করে।
- অতি সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থ দপ্তরের 'অফিস অব ফরেন অ্যাসেটস কন্ট্রোল (ওএফএসি) বাংলাদেশের এলিট ফোর্স র‍্যাপিড একশন ব্যাটিলিয়ন (র‍্যাব)-এর সাবেক ও বর্তমান সাত শীর্ষ কর্মকর্তার ওপর মানবাধিকার লঙ্ঘন এবং নিপীড়নের অভিযোগ এনে যুক্তরাষ্ট্র ভ্রমণে নিষেধাজ্ঞা আরোপ করেছে।
- বাইডেন প্রশাসনের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক প্রথম হোঁচট খায় গণতন্ত্র সম্মেলনে বাংলাদেশকে আমন্ত্রণ না জানানোর কারণে। তবে র‍্যাবের উপর নিষেধাজ্ঞা আরোপ করলে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। তার ওপর যুক্তরাষ্ট্রের তরফ থেকে লেহি আইনে সই করার জন্য প্রস্তাব পাঠানো হয়। লেহি আইনে সই না করলে যুক্তরাষ্ট্রের সামরিক সহায়তা বন্ধ থাকবে বলে জানানো হয়। লেহি আইনে সই করলে নিরাপত্তা সংস্থাগুলো মানবাধিকার লঙ্ঘন করলে সহায়তা বন্ধ হবে বলে শর্ত দেওয়া হয়।
- জুন, ২০১৩ সালে যুক্তরাষ্ট্র বাংলাদেশে জিএসপি সুবিধা স্থগিত করে। বাংলাদেশ যুক্তরাষ্ট্রের দেওয়া শর্তের অনেকগুলো পূরণ করলেও যুক্তরাষ্ট্র জিএসপি সুবিধা পুনর্বহাল করেনি।
- বাংলাদেশের গণতন্ত্র, মানবাধিকার, মত প্রকাশের স্বাধীনতার অধিকার নিয়ে সাম্প্রতিক সময়ে বারবার প্রশ্ন উত্থাপন করছে যুক্তরাষ্ট্র।

❑ সমস্যার প্রভাব

- দুই দেশের প্রত্যক্ষ অর্থনৈতিক বাণিজ্যিক সংযোগ এখন ১২ বিলিয়ন (১ হাজার ২০০ কোটি) ডলার ছাড়িয়েছে, যা অতীতের যেকোনো সময়ের তুলনায় বেশি। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক উন্নয়ন না ঘটলে তা কমার সম্ভাবনা রয়েছে।
- রপ্তানি, এফডিআই ও রেমিট্যান্স বিবেচনায় দেশের অর্থনীতিতে সফট পাওয়ার (বাণিজ্যক, বুদ্ধিবৃত্তিক বা সাংস্কৃতিক ভাবে প্রভাব বিস্তারের ক্ষমতা) সবচেয়ে বেশি এখন যুক্তরাষ্ট্রেরই। ২০১৬ সালেও বাংলাদেশ থেকে ৫৯১ কোটি ১ লাখ ডলারের পণ্য আমদানি করেছিলো যুক্তরাষ্ট্র। অর্থনৈতিক সমীক্ষা ২০২৩-২৪ অনুযায়ী বর্তমানে তা দাঁড়িয়েছে ৬১০৩.১৮ মিলিয়ন ডলারে। এ হিসেবে পাঁচ বছরে দেশটির বাংলাদেশ থেকে পণ্য আমদানি বেড়েছে ৪০% এর বেশি। সম্পর্কের এই অবনতি চলতে থাকলে বাংলাদেশ তার বৃহৎ রপ্তানি বাজার হারাবে।
- গত ৫০ বছর যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ইউএসএআইডি (USAID) বাংলাদেশের দারিদ্র্য বিমোচন, অর্থনৈতিক প্রবৃদ্ধি, খাদ্য নিরাপত্তার উন্নয়ন, মাতৃত্ব ও শিশুমৃত্যুর হার কমিয়ে আনা, পল্লী বিদ্যুতায়ন, দুর্যোগের ঝুঁকি হ্রাস, ক্ষুদ্র ঋণ, মানবিক সহায়তাসহ বিভিন্ন খাতে সাত বিলিয়ন ডলার প্রদান করেছে। যুক্তরাষ্ট্রের বিরাগভাজন হলে USAID এর কার্যক্রম বাংলাদেশে স্থগিত করে দিতে পারে।
- তৈরি পোশাকের সর্ববৃহৎ বাজার হলো যুক্তরাষ্ট্র। বাংলাদেশ যদি তাদের কূটনৈতিক ও অর্থনৈতিক সম্পর্ক মজবুত করতে না পারে তাহলে পোশাক খাত রপ্তানি বাজার হারাবে।

❑ সম্ভাব্য সমাধান ও সুপারিশ

- RAB যে মানবাধিকার লঙ্ঘন করেনি তার তথ্যপ্রমাণ দাখিল করে নিষেধাজ্ঞা প্রত্যাহার করতে পারে।
